**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 16-01-2026**
**Time : 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM-START UP 10TH YEAR :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির ভারত মন্ডপমে START UP INDIA উদ্যোগের দশ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন | প্রানবন্ত START UP বাস্তু ব্যবস্থার অংশীদারদের সঙ্গে আলাপচারিতায়ও যোগ দেবেন | শুনবেন তাদের অভিজ্ঞতার কথা | উল্লেখ্য, ২০১৬ `র আজকের দিনেই প্রধানমন্ত্রী START UP INDIA উদ্যোগের সূচনা করেছিলেন।

*********************

**Tharlak Kut :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে। গতকাল কুমারঘাটের দারচৈয়ে দুদিনব্যাপী রাজ্যভিত্তিক ডার্লং থার্লাক কুট উৎসবের সমাপনী অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী ।তিনি বলেন, রাজ্য সরকারের বাজেটে জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের ঘোষণা করা হয়েছে। নাবার্ডের বরাদ্দ অর্থে জনজাতি অধ্যুষিত দূরবর্তী এলাকার রাস্তাঘাট সহ পরিকাঠামো উন্নয়নে কাজ করছে সরকার। এর মাধ্যমে জনজাতিদের আর্থসামাজিক মানোন্নয়ন করা হচ্ছে। তিনি বলেন, ডার্লংরা শিক্ষা, সংস্কৃতিতে অনেক বেশি এগিয়ে রয়েছেন।

উল্লেখ্য, ডার্লং জনগোষ্ঠীর ফসল কাটার – থার্লাক কূট উৎসবে চলতি বছরের মূল ভাবনা "সময়ের পালক।"

**********************

**Defence Minister on Sourya Diwas :**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারত ২০৪৭ সালের মধ্যে বিশ্বের অন্যতম শক্তিশালী সশস্ত্র বাহিনী গড়ে তোলার জন্য একটি সুস্পষ্ট রোডম্যাপ নিয়ে এগিয়ে যাচ্ছে। গতকাল জয়পুরের সোয়াই মানসিংহ স্টেডিয়ামে শৌর্য দিবস অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় রাজনাথ সিং জাতির প্রতি ভারতীয় সেনাবাহিনীর অবিচল সেবার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, অপারেশন সিন্দুর এখনও চলছে ।সন্ত্রাসবাদের মানসিকতা পুরোপুরি নির্মূল না হওয়া পর্যন্ত শান্তি প্রতিষ্ঠার জন্য ভারতের প্রয়াস অব্যাহত থাকবে বলেও দৃঢ়ভাবে জানান প্রতিরক্ষামন্ত্রী।

**********************

**Vice President**

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন বলেছেন, ভারত সকল নাগরিককে উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের উপর মনোযোগ দিয়ে বিকশিত ভারতের দিকে এগিয়ে যাচ্ছে। গতকাল সন্ধ্যায় কোয়েম্বাটুরের কোভাই মেডিকেল সেন্টার অ্যান্ড হসপিটালে নতুন চিকিৎসা সুবিধার উদ্বোধন করে তিনি বলেন, আয়ুষ্মান ভারতের মতো মোদি সরকারের প্রকল্প এবং প্রতিটি জেলায় মেডিকেল কলেজ স্থাপনে সাধারণ শিক্ষার্থীদের চিকিৎসাশাস্ত্রে পড়াশোনার স্বপ্নকে সত্যি করেছে। তুলনামূলক পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, ২০১৪ সালের আগে স্বাস্থ্য খাতে ৩৭ হাজার কোটি টাকা বরাদ্দ ছিল, কিন্তু এখন এই বরাদ্দ ৯৮ হাজার

কোটি টাকা। তিনি আরও উল্লেখ করেন, কেন্দ্রীয় সরকার দেশে ১.৬ লক্ষ স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র অনুমোদন করেছে, যাতে ডায়াবেটিস, রক্তচাপ এবং উচ্চ রক্তচাপে আক্রান্ত ব্যক্তিরা এগুলোর থেকে উপকৃত হতে পারেন। উপরাষ্ট্রপতি জানান, এমবিবিএস-এর আসন সংখ্যা দ্বিগুণ হয়েছে এবং বর্তমানে এক লক্ষ ২০ হাজার শিক্ষার্থী চিকিৎসাশাস্ত্রে স্নাতক ডিগ্রি অর্জন করছেন| স্নাতকোত্তর আসনের সংখ্যা ৭০ হাজারের বেশি বাড়ানো হয়েছে বলেও উপরাষ্ট্রপতি উল্লেখ করেন।

************************

**CM – ASSAM :**

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা গতকাল দুদিনের রাজ্য সফরে এসেছেন। আগরতলার এমবিবি বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী ,প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য ।তিনি উদয়পুরে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেন। উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী,প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, রঞ্জিত দাস, রামপদ জমাতিয়া, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় প্রমুখ। সেখানে সাংবাদিকদের আসামের মুখ্যমন্ত্রী শ্রী বিশ্বশর্মা বলেন, ত্রিপুরা সুন্দরী মায়ের আশীর্বাদ গ্রহন করতে তিনি ত্রিপুরায় এসেছেন। গতকাল রাতে আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে তিনি সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।

*********************

**Nipa Virus :**

জাতীয় স্বাস্থ্য মিশন–ত্রিপুরার অধিকর্তা সাজু ওয়াহিদ এ. নিপা ভাইরাস নিয়ে জনগণকে অযথা আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন| গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যে এখনো পর্যন্ত এই রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া যায়নি। তবে যেহেতু পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশে এই সংক্রমনের প্রভাব রয়েছে তার জন্য নিপা ভাইরাস মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি নিয়ে রেখেছে স্বাস্থ্য দপ্তর। তাছাড়া, স্বাস্থ্য দপ্তরের পর্যালোচনা বৈঠকে প্রত্যেক জেলার চিফ মেডিকেল অফিসারকে এই ভাইরাস মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে বলেও জানান মিশন অধিকর্তা ।

************************

**Ratan lal nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল মোহনপুর বাজারে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের নতুন এটিএম উদ্বোধন করেন৷ এই উপলক্ষে তিনি বলেন, রাজ্যে গত সাত বছরে অর্থনৈতিক উন্নয়নের মাত্রা বৃদ্ধি পেয়েছে। ব্যাংকে আমানত বৃদ্ধিতেও সেটা প্রতিফলিত হচ্ছে। তিনি জানান, রাজ্যে ১০ লাখ পরিবারের বিভিন্ন ব্যাংকে ৬১ লাখের বেশি অ্যাকাউন্ট রয়েছে। ব্যাংকে টাকা রাখা সবচেয়ে নিরাপদ। ভারতের ব্যাংকিং ব্যবস্থা অন্যান্য দেশের তুলনায় অনেক শক্তিশালী এবং অত্যন্ত বিশ্বাসযোগ্য। তিনি বলেন, মানুষ এখন আধুনিক হচ্ছে এবং এটিএম কার্ড ব্যবহার করছে। রাজ্যে গ্রামীণ ব্যাঙ্কের ১৫0টি শাখা রয়েছে। এই শাখাগুলিতে জমা আছে ১0 হাজার ১৯৩ কোটি টাকা। এর থেকে মানুষকে ঋণ দেওয়া হয়েছে ৪ হাজার ১৫৩ কোটি টাকা। অনুষ্ঠানে গ্রামীণ ব্যাঙ্কের

চেয়ারম্যান সত্যেন্দ্র সিংহ, জেনারেল ম্যানেজার অনুপ কুমার সাহা, মার্কেটিং প্রধান জিত ভট্টাচার্য্য প্রমুখরা উপস্থিত ছিলেন।

********************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে কুয়াশা পড়েছে | দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.১ ডিগ্রি সেলসিয়াস।

******************

*********************